


চিপাম ৪৫

## বিশ্বের ৩২৫টি ভাষা স্মরণে কানাডায় শহীদ মিনার



ঢাকার শহীদ মিনারের আদলে তৈরি হবে টরেন্টো শহীদ মিনার - ইন্টারনেট

### সংবাদ ডেস্ক

বিশ্বের ৩২৫টি ভাষার প্রতি শ্রদ্ধা জানিয়ে একমাত্র শহীদ মিনারটি খুব শিগগিরই তৈরি হবে কানাডায়। মার্বেল ও গ্রানাইট পাথরের তৈরি এই শহীদ মিনারটিতে ৩২৫টি ভাষা খোদিত থাকবে। বাসস।

কানাডায় ২৫ সদস্যবিশিষ্ট ইন্টারন্যাশনাল মানার ল্যান্ডমার্ক ডে মনুমেন্ট ইমপ্রুভমেন্ট কমিটির সদস্য এবং একটি বাংলা সাংবাদিকের সাংবাদিক বাখারি বলেন, কানাডার বাণিজ্যিক ও বহুভাষাভাষীর শহর টরেন্টোতে এ শহীদ মিনার তৈরির সিদ্ধান্ত নেয়া হয়েছে। বাখারি জানান, তিনি শহীদ মিনার তৈরির জন্য সিটি মেয়র, রাজনীতিবিদ ও পার্লামেন্টসহ কানাডার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি নিয়েছেন। এ মিনারটির নকশা করেছেন ইঞ্জিনিয়ার নাজমুল জায়গীরদার।

ঢাকার শহীদ মিনারের আদলে টরেন্টো শহীদ মিনারেরও সাতটি স্তর থাকবে। এতে বিশ্বের প্রচলিত ৩২৫টি

ভাষা খোদাই করা হবে। এ তত্ত্বাবধায়

মুদ্রা পঁচটি স্তর বিশ্বের পঁচটি মহাদেশের ৪০০ কোটি মানুষের প্রতিনিধিত্ব করবে। এ ক্ষতিস্তম্ভটি তৈরি করতে ১৫০ শ্রমজার

কানাডিয়ান শ্রমজারের লাগবে।

তত্ববিল সংগ্রহকারী সংস্থা কানাডা ডারেন ড্রাইভার এ অর্থ সংগ্রহ করে দিতে রাজি হয়েছে।

## নিউইয়র্কের হাসপাতাল ও স্কুলে বাংলাভাষা চালু

### সংবাদ ডেস্ক

মুক্তরাষ্ট্রের নিউইয়র্কে কয়েকটি হাসপাতাল ও সরকারি স্কুলে ইংরেজি এবং স্প্যানিশ ভাষার পাশাপাশি বাংলাভাষা চালু করা হয়েছে। নিউইয়র্কে উচ্চ মাধ্যমিকের পাঠ্যসূচিতে বাংলাভাষা অন্তর্ভুক্ত করা হয়েছে। বাংলাভাষা সারা বিশ্বে আন্তর্জাতিক ভাষার স্বীকৃতি লাভ করেছে। বাসস।

পত বছর থেকে নিউইয়র্কের হাসপাতালগুলোতে ইংরেজি, কম জানা বাংলাদেশী অভিবাসীদের জন্য ইংরেজি ও বাংলা উভয় ভাষাতেই দক্ষ দোভাষী নিয়োগ দেওয়া শুরু করেছে। দুই ভাষাতে দক্ষ দোভাষী নিয়োগ দেয়ার পর থেকে বাংলাদেশী অভিবাসীদের হাসপাতালগুলো সম্পর্কে খোঁজখবর নেয়া অনেক সহজ হয়ে গেছে। এতে এখন তারা সহজে চিকিৎসা সেবা নিতে পারছে। নিউইয়র্ক সিটিতে কয়েকটি সরকারি স্কুলে পাঠ্যসূচিতে ইংরেজি ও স্প্যানিশ ভাষার পাশাপাশি বাংলাভাষা অন্তর্ভুক্ত করা হয়েছে। এখানে ইংরেজির পর বাংলাকে দ্বিতীয় ভাষা হিসেবে স্থান দেয়া হয়েছে। উচ্চ মাধ্যমিক স্কুলগুলোতে বাংলাদেশী বংশোদ্ভূত শিক্ষকরা বাংলাভাষার ক্লাস নেন।